# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 15-05-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারা শিক্ষকদের একাংশের বিকাশভবন অভিযানকে কেন্দ্র করে আজ তীব্র উত্তেজনা সৃষ্টি হয়েছে। বিকাশভবন এখনও অবরুদ্ধ।

২) একই নম্বরে একাধিক কার্ডের অস্বিস্ত থাকায় রাজ্যের প্রায় ৮ হাজার ভোটার কার্ড বা এপিক বাতিল করেছে নির্বাচন কমিশন।

৩) পাকিস্তানের সঙ্গে সাম্প্রতিক সামরিক সংঘাতে নিহত শহীদ সেনানীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে রাজ্য বিধানসভায় প্রস্তাব আনা হচ্ছে।

৪) মূর্শিদাবাদে সংঘর্ষদীর্ণ এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

ওয়াকফ সংশোধনী আইন-২০২৫-কে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের হওয়া একগুচ্ছ মামলায় সুপ্রিম কোর্ট আগামী মঙ্গলবার অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত নেবে।

৫) রাজ্যের বিভিন্ন জেলা থেকে ঝড়-বৃষ্টির খবর পাওয়া গেছে। জলপাইগুড়িতে বজ্রপাতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

oooooooooooooooooooooo

সুপ্রীম কোর্টের রায়ে চাকরীহারা শিক্ষকদের একাংশের বিকাশভবন অভিযানকে কেন্দ্র করে আজ তীব্র উত্তেজনার সৃষ্টি হয়েছে। আজ সকালে বিক্ষোভকারীদের বিকাশভবনে ঢুকতে পুলিশ বাধা দিলে দুই পক্ষের মধ্যে প্রথমে

বচসা শুরু হয়ে, পরে তা ধ্বস্তাধ্বস্তির রূপ নেয়। পুলিশ মেন গেট আটকে দিলে তা ভেঙ্গে ভেতরে প্রবেশ করেন চাকরিহারারা। তৃনমূল নেতা তথা সল্টলেক পুরসভার চেয়ারম্যান সব্যসাচী দত্ত সেখানে পৌঁছলে তাঁকে ব্যপক বিক্ষোভের মুখে পড়তে হয়। পরে নিরাপত্তারক্ষীরা সব্যসাচীকে সেখান থেকে সরিয়ে নিয়ে যান। পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশাল পুলিশ বাহিনী ও RAF মোতায়েন করা হয়েছে। নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে আরো বড় আন্দোলনের নামবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভিসি-সুমন)

এদিকে, বিজেপি এই ঘটনার নিন্দা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে অভিযোগ করেন, চাকরি হারাদের শান্তিপূর্ণ বিক্ষোভে অংশগ্রহণকারীদের ওপর তৃণমূল কংগ্রেস নেতা সব্যসাচী দত্তের আশ্রিত দুষ্কৃতীরা নৃশংসভাবে আক্রমণ চালিয়েছে। ঘটনাস্থলে উপস্থিত সাংবাদিকরাও রেহাই পায়নি। এ বিষয়ে পুলিসের ভূমিকা অত্যন্ত লজ্জাজনক বলেও উল্লেখ করেন তিনি। শ্রী মজুমদার বলেন, রাজ্যে মুখ্যমন্ত্রীর শাসনকালে গণতন্ত্র, মত প্রকাশের স্বাধীনতা এবং আইনের শাসন ক্রমাগত পদদলিত হচ্ছে।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, অবিলম্বে সব ভিডিও ফুটেজ দেখে দুষ্কৃতিদের গ্রেফতার ও শাস্তির জন্য তিনি কলকাতা পুলিশের কাছে আর্জি জানিয়েছেন। পাশাপাশি কলকাতা প্রেসক্লাবের নীরবতা নিয়েও সরব হন তিনি।

oooooooooooooooooooooooooooooooooooo

একই নম্বরে একাধিক কার্ডের অস্তিত্ব থাকায় রাজ্যের প্রায় ৮ হাজার ভোটার কার্ড বা এপিক বাতিল করেছে নির্বাচন কমিশন। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, রাজ্যে প্রায় আড়াই লক্ষ এপিক কার্ড

নিয়ে অভিযোগ উঠেছিল। সেগুলি খতিয়ে দেখার পর ৩২ হাজার কার্ড নিয়ে অনুসন্ধান করা হয়। তার মধ্যে ৭ হাজার ৮০০টি কার্ড ডুপ্লিকেট হওয়ায় সেগুলি বাতিল করা হয়েছে।

এদিকে বাতিল হওয়া এই সব কার্ডের প্রায় ৯৫ শতাংশের নম্বর হরিয়ানার ভোটার কার্ডের সঙ্গে পুরোপুরি মিলে গেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

এছাড়া গুজরাট ও অসমের বেশকিছু ভোটার কার্ডের সঙ্গে এরাজ্যের কার্ডের নম্বরে মিল রয়েছে।

উল্লেখ, সাম্প্রতিককালে শাসক বিরোধী বিভিন্ন দল ডুপ্লিকেট ভোটার কার্ডের অস্তিত্ব নিয়ে সরব হওয়ার পরেই নির্বাচন কমিশন তৎপর হয়ে ওঠে। জেলা স্তরে ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসারদের হাতে এপিক কার্ডে সংশোধনের ক্ষমতা দেওয়া হয়। তার ভিত্তিতেই একই নম্বরের কার্ড বাতিল করা হয়েছে।

oooooooooooooooooooooooooooooooooooo

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা আলিপুরদুয়ারের প্রাক্তন বিজেপি সাংসদ জন বার্লা তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। আজ তৃণমূল ভবনে মন্ত্রী অরূপ বিশ্বাস, তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বকশির উপস্থিতিতে তিনি তৃণমূল কংগ্রেসের পতাকা হাতে তুলে নেন। ২০১৯ সালের লোকসভা নির্বাচনে বিজেপির টিকিটে আলিপুরদুয়ার থেকে জয়ী হয়েছিলেন তিনি। ২০২৪ সালের লোকসভা নির্বাচনে অবশ্য তাঁকে প্রার্থী করেনি গেরুয়া শিবির। তারপর থেকেই দলের সঙ্গে দূরত্ব বাড়তে থাকে বার্লার। এরই মধ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে সরকারি অনুষ্ঠান মঞ্চেও তাঁকে দেখা যায়। বার্লার যোগদানে ওই অঞ্চলে দল শক্তিশালী হবে বলেই মনে করছে তৃণমূল কংগ্রেস।

oooooooooooooooooooooooooooooooooooo

পাকিস্তানের সঙ্গে সাম্প্রতিক সামরিক সংঘাতে নিহত শহিদ সেনানীদের প্রতি শ্রদ্ধা নিবেদন ও লড়াকু জওয়ানদের ধন্যবাদ জানাতে রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হচ্ছে। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আগামীমাসের ৯ তারিখ নাগাদ বিধানসভার পরবর্তী অধিবেশন শুরু হতে পারে। চলবে সপ্তাহ দুয়েক। আগামী ওই অধিবেশনেই এই মর্মে প্রস্তাব আনা হবে। এর পাশাপাশি রাজ্যপালের পাঠানো রাজ্য সংখ্যালঘু কমিশন আইনের একটি সংশোধনী সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিলের উপরেও অধিবেশনে আলোচনা হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন।

(বাইট – অধ্যক্ষ)

অপরেশন সিন্দুরের সাফল্যে ভারতীয় সেনাবাহিনীর ভূমিকাকে সাধুবাদ জানিয়ে কলকাতা হাইকোর্টের আইনজীবীরা আজ মিছিলে সামিল হন। কলকাতা হাইকোর্টের বি গেট থেকে সিটি সিভিল কোর্ট পর্যন্ত মিছিলে পা মেলান আইনজীবীরা। ডেপুটি সলিসিটর জেনারেল ধীরজ ত্রিবেদী বলেন, "অপারেশন সিন্দুর সকলের কাছে এক গর্বের বিষয়। ভারতীয় সেনাকে সাধুবাদ জানাতেই আজ মাতৃশক্তি পথে নামে।

উল্লেখ্য, আজকের মিছিলের প্রথম সারিতেই মহিলাদের উপস্থিতি লক্ষ্য করা যায়।

এদিকে, আসমুদ্র হিমাচল যে দেশের জয় গানে মুখরিত সেই দেশের যোগ্য নাগরিক হয়ে ওঠা সকলের দায়িত্ব বলে মত প্রকাশ করেছেন, তথ্যচিত্রকার, সমালোচক ও সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্ত।

(বাইট – রত্নোত্তমা)

oooooooooooooooooooooooooooooooooooo

সেনাবাহিনী আজ উত্তরবঙ্গের তিস্তা ফিল্ড ফায়ারিং রেঞ্জে তিস্তা প্রহার সামরিক মহড়ায় অংশ নেয়। যোগ দেয় সেনার ইনফ্যান্ট্রি, আর্টিলারি, মেকানাইজড ইনফ্যান্ট্রি, আর্মড কোর, প্যারা স্পেশাল ফোর্স, আর্মি এভিয়েশন, ইঞ্জিনিয়ারিং ও সিগন্যাল সহ একাধিক ইউনিট। যুদ্ধকালীন পরিস্থিতিতে সেনাবাহিনীর তৎপরতা এবং অস্ত্র ব্যবস্থাপনা পরীক্ষা করতেই এই মহড়া। প্রযুক্তিগত ও কৌশলগত ভাবে সেনা অগ্রগতি প্রতিফলিত হয়েছে তিস্তা প্রহার সামরিক মহড়ায়। অপারেশন সিঁদুর এর প্রেক্ষিতে এই মহড়া যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। আগামীদিনেও এ ধরণের মহড়া চলবে বলে জানানো হয়েছে

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ সংশোধনী আইন ২০২৫-কে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের হওয়া এক গুচ্ছ মামলায় সুপ্রিম কোর্ট আগামী মঙ্গলবার ২০ তারিখ অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত নেবে। প্রধান বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি জর্জ আগস্টিন মাসিহ্-কে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ জানিয়েছে, ওই দিন ১৯৯৫-এর ওয়াকফ আইনের কোনো ধারার ওপর স্হগিতাদেশ দেওয়ার বিষয়টি বিবেচনা করা হবে না। নতুন আইনে যে তিনটি বিষয়ে অন্তর্বর্তী আদেশ দেওয়া যায়, সে বিষয়ে নিজেদের বক্তব্য জানাতে কেন্দ্রের সলিসিটার জেনারেল তুষার মেহেতা এবং মামলাকারীর পক্ষে আইনজীবী কপিল সিব্বালকে আগামী ১৯-শে মে-র মধ্যে সংক্ষিপ্ত আকারে লিখিত নোট জমা দিতে হবে।

উল্লেখ্য, পূর্বতন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না গত ১৩-ই মে অবসর নেওয়ায় মামলাটি বর্তমান প্রধান বিচাপতি বি আর গাভাই-এর বেঞ্চে স্তানান্তরিত হয়েছে।

এদিকে, সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতা করে উত্তপ্ত হয়ে ওঠা মুর্শিদাবাদের সংঘর্ষদীর্ণ এলাকায় পরিস্হিতি খানিকটা শান্ত হলেও আপাতত সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। হিংসার

ঘটনায় বিশেষ তদন্তকারী দল সিট ও কলকাতা হাইকোর্টের তিন সদস্যের কমিটি আজ আদালতে রিপোর্ট জমা দেয়। তাতে ১৪২-টি ঘটনার উল্লেখ রয়েছে। বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চ তাদের পর্যবেক্ষণে জানিয়েছেন, সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি রক্ষা করা প্রশাসনের দায়িত্ব। পরিস্থিতি স্বাভাবিক হলেও বাসিন্দাদের উদ্বেগ কমেনি। প্রশাসনকে সেদিকে নজর দিতে বলা হয়েছে। পাশাপাশি সামশেরগঞ্জে স্থায়ী বিএসএফ ক্যাম্প তৈরির আবেদনও বিবেচনা করতে বলেছে হাইকোর্ট। ৩১-শে জুলাই পর্যন্ত মোতায়েন থাকবে কেন্দ্রীয় বাহিনী।

অন্যদিকে, রাজ্যের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় আদালতে জানান, মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই মৃতদের পরিবারকে ১০ লক্ষ টাকা অর্থ সহায়তা দিয়েছেন। যদিও হিংসায় নিহত বাবা-ছেলে হরগোবিন্দ ও চন্দন দাসের পরিবার জানিয়েছে, তাদের কোন ক্ষতিপূরণ দেওয়া হয়নি।

oooooooooooooooooooooooooooooooooooo

নদীয়ার তেহট্টের বিধায়ক প্রয়াত তাপস সাহার পলাশী মহাশ্মশানে শেষকৃত্য সম্পন্ন হচ্ছে।

আজ বিকেলে কুড়ুইগাছিতে তাঁর বাসভবনে দেহ নিয়ে যাওয়া হয়। উপস্থিত ছিলেন দলীয় সাংসদ মহুয়া মৈত্র, বিধায়ক কল্লোল খাঁ সহ বহু নেতা কর্মী এবং স্থানীয় মানুষজন।

এর আগে প্রয়াত বিধায়কের দেহ আজ বিধানসভায় নিয়ে আসা হলে সেখানে তাঁকে শেষ শ্রদ্ধা জানান, তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক, সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্যরা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, দলীয় বিধায়কের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তাপস সাহার প্রয়াণে জেলা তথা রাজ্যের রাজনীতিতে অপূরণীয় ক্ষতি হল বলে উল্লেখ করেন তিনি।

আগেই জানানো হয়েছে, ৬৬ বছর বয়সী তাপসবাবু গত মঙ্গলবার মস্তিষ্কের রক্তক্ষরণজনিত কারণে অসুস্থ হয়ে পড়েছিলেন। কলকাতার এক বেসরকারি হাসপাতালে তাঁকে ভর্তি করা হয়েছিল। আজ সকালে সেখানেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

oooooooooooooooooooooooooooooooooooo

বিশিষ্ট সাংবাদিক তথা মানবাধিকার কর্মী বিশ্বজিৎ রায় প্রয়াত। আজ সকালে দক্ষিণ কলকাতার বাসভবনে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৬৫ বছর। স্পষ্ট বক্তা, যুক্তিবাদী, নির্ভীক সাংবাদিক হিসেবে পরিচিত বিশ্বজিৎ রায় সহকর্মীদের মধ্যে মধু নামে জনপ্রিয় ছিলেন। কর্মজীবনে আনন্দবাজার পত্রিকা, টেলিগ্রাফ, টাইমস অফ ইন্ডিয়ার মতো প্রথম সারির পত্রিকার সংবাদদাতা হিসেবে কলকাতা ছাড়াও দিল্লি আসাম, বিহারের মতো ভিন রাজ্যেও দক্ষতার সঙ্গে কাজ করেছেন। বেশ কয়েকটি বইও লিখেছিলেন। প্রেসক্লাব কলকাতা তাদের সদস্য এই সাংবাদিকের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছে। বিকেলে বিশ্বজিৎ রায়ের মরদেহ ক্লাব প্রাঙ্গনে নিয়ে আসা হলে সভাপতি স্নেহাশীস সুর, সম্পাদক কিংশুক প্রামাণিক সহ ক্লাব কর্তা ও অন্যান্য সহকর্মীরা তাঁকে সেখানে শেষ শ্রদ্ধা নিবেদন করেন। এরপরে কেওড়াতলা মহাশ্মশানে শেষকৃত্য সম্পন্ন হয়।

oooooooooooooooooooooooooooooooooooo

১৫ মে বাংলা সংবাদপত্রের জন্মদিন।

১৮১৮ সালের এই দিনেই বাংলাভাষায় প্রথম সংবাদপত্র 'বাঙ্গাল গেজেট' প্রকাশিত হয়। পূর্ব বর্ধমানের পূর্বস্থলীর ২ নং ব্লকের পীলা অঞ্চলের বহড়া গ্রামের বাসিন্দা

গঙ্গাকিশোর ভট্টাচার্য এটি প্রকাশক ছিলেন। তাঁর জন্মভিটা বহড়া ছাপাখানাডাঙ্গায় গঙ্গাকিশোর ভাট্টাচার্য স্মৃতি রক্ষা কমিটির পক্ষ থেকে দিনটির স্মরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গঙ্গাকিশোর ভাট্টাচার্যের স্মারক স্তম্ভে মাল্যদান করে তাঁর শ্রদ্ধা জানানো হয়। সংবাদপত্রে তাঁর অবদান নিয়ে আলোকেপাত করেন বিশিষ্ট জনেরা। উপস্থিত ছিলেন স্থানীয় বিধায়ক তপন চট্টোপাধ্যায়, গঙ্গাকিশোর ভাট্টাচার্য স্মৃতি রক্ষা কমিটির সম্পাদক দ্বারকানাথ দাস, দীপঙ্কর চট্টোপাধ্যায়সহ জেলরর বহু সাংবাদিক ও বিশিষ্ট জনেরা। স্কুলের ছাত্র ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

oooooooooooooooooooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলা থেকে ঝড়-বৃষ্টির খবর পাওয়া গেছে।

জলপাইগুড়ির ধুপগুড়ি ব্লকের ময়নাতোলি এলাকায় বাজ পড়ে প্রভাত রায় নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। আজ সকালে স্ত্রী ও মেয়ের সঙ্গে মাঠে কাজ করার সময় বাজ পড়লে তিনজনেই গুরুতর জখম হন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা প্রভাতবাবুকে মৃত ঘোষণা করেন।

মেদিনীপুর শহরে সুপ্রাচীন মেদিনীপুর কলেজিয়েট স্কুলের সামনে একটি গাছ রাস্তায় পড়ে গেলে যান চলাচল বিঘ্নিত হয়।

পুরুলিয়ার পুঞ্চা সঁড়িড়ি গ্রামে প্রবল ছড়ে রাস্তার ওপর গাছ পড়ে যান চলাচল বন্ধ হয়ে গেছে।

ঝড়বৃষ্টির জেরে জেলা গুলিতে একধাক্কায় অনেকটাই তাপমাত্রা কমেছে। যদিও কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিক, ৩৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে, গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকলেও দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি ও ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, মুর্শিদাবাদ ও

নদীয়া জেলায় আজ এই কারণে আবহাওয়া দপ্তরের কমলা সতর্কতা রয়েছে। ইতোমধ্যে বিভিন্ন জেলা থেকে ঝড় বৃষ্টির খবর পাওয়া গেছে।

পূর্ব বিহার ও সংলগ্ন হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে একটি ঘূর্ণাবর্ত তৈরি হলেও কোনরকম ঘূর্ণিঝড় তৈরি হয়নি বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলার ছেলে রাজদীপ দালাল খেলো ইন্ডিয়া ইউথ গেমস ২০২৫ এ যোগাসনে রৌপ্য পদক পেয়েছেন। বিহারের যোগাসন স্পোর্টস অ্যাসোসিয়েশন এর কমপ্লেক্সে আজ এই আর্টিস্টিক যোগাসন প্রতিযোগিতায় প্রথম হন, রাজস্থানের ঋতিকা বিশ্নোয়, তিনি স্কোর করেন ১৩৫ দশমিক ০/১ পয়েন্ট। দ্বিতীয় রাজদীপের স্কোর ১৩৪ দশমিক ৩/৮ পয়েন্ট। তৃতীয় হয়েছেন মহারাষ্ট্রের আরিয়ান বিভীষণ খারাট। হুগলির ত্রিবেণীর ছেলে রাজদীপ তার এই সাফল্যের জন্য তার কোচ সৌমেন দাস ও স্বপ্না পালকে ধন্যবাদ জানিয়েছেন।আকাশবাণীর প্রতিনিধি কাশফিন নাহারকে রাজদীপ জানান, এই ধরনের প্রতিযোগিতা দেশের বিভিন্ন প্রান্তের খেলোয়াড় দের এগিয়ে যেতে সাহায্য করবে।

(বাইট রাজদীপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০